কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটি গঠনের লক্ষ্যে জাতীয় কমিটি সভা

গত ২৮ সেপ্টেম্বর, ২০১৯ তারিখে পদক্ষেপ মানবিক উন্নয়ন-এর অডিটরিয়ামে বিকশিত নারী নেটওয়ার্কের কেন্দ্রীয় কার্যনিবাহী কমিটি গঠনের লক্ষ্যে জাতীয় কমিটির সভা অনুষ্ঠিত হয়। এসভায় উপস্থিত ছিলেন জেলা কমিটি প্রতিনিধি ৫১জন, উপজেলা কমিটির প্রতিনিধি ০১জন নারীনেত্রী এছাড়া দি হাঙ্গার প্রজেক্ট কান্ট্রি ডিরেক্টর ও গ্লোবাল ভাইস প্রেসিডেন্ট ড. বদিউল আলম মজুমদা, ডেপুটি কান্ট্রি ডিরেক্টর, জনাব মোহাম্মদ আসলাম, ডিরেক্টর (প্রোগ্রাম) ও সম্পাদক বিকশিত নারী নেটওয়ার্ক নাছিমা আক্তার জলিসহ আরো ০৫জন মোট ৬০জন উপস্থিত ছিলেন।

উদ্বোধনী অধিবেশন:

জাতীয় সঙ্গীতের মধ্যদিয়ে অনুষ্ঠান শুরু হয়। ইতিমধ্যে বিকশিত নারী নেটওয়ার্কের রাজবাড়ী জেলা, পাংশা উপজেলা কমিটির সভাপতি সাহিদা আহমেদ গত ১০ মে ২০১৯ তারিখে মৃত্যুবরন করেছেন, তাছাড়া সারাদেশের ইউনিয়ন, উপজেলা ও জেলা কমিটির যে সকল সদস্য এবং সদস্য পরিবারের যাঁরা মৃত্যুবরন করেছেন তাদের বিদেহী আত্মার মাগফেরাত কামনায় এক মিনিট নিরবতা পালন করেন এবং শোকসন্তপ্ত পরিবারে প্রতি সমবেদনা জানান। এরপর উপস্থিত অংশগ্রহকারীরা নিজ নিজ পরিচয়ের মাধ্যমে দি হাঙ্গার প্রজেক্ট-এর সাথে কতদিন যাবৎ যুক্ত আছেন এবং বর্তমান তাদের অবস্থান তুলে ধরেন ।

দি হাঙ্গার প্রজেক্ট, প্রোগ্রাম ম্যানেজার, জনাব দিলীপ কুমার সরকারের সঞ্চালনায় সভাপতি জনাব রাশেদা আখ্তার বিকশিত নারী নেটওয়ার্কের উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দদেরকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন । তিনি উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করে বলেন, যখন মাঠে-ময়দানে কাজ করেছি তখনই ভালো ছিলাম। যখন থেকে স্থানীয় সরকারের উপজেলা ভাইস চেয়ারেম্যান হিসেবে চেয়ারে বসেছি তখন থেকে অনিয়ম, দূর্নীতি ভেড়াজাল দেখছি। এক সময় স্বপ্ন ছিল চেয়ারে বসে অনেক কাজ করতে পারবো কিন্তু আশানুরূপ কোন কিছু করতে পারছিনা। বরং তৃণমূলে যে সকল নারীরা কাজ করেন তারা স্বাধীনভাবে কাজ করতে পারেন। তিনি আরো বলেন, দি হাঙ্গার প্রজেক্ট উজ্জীবক প্রশিক্ষণে ড. বদিউল আলম মজুমদার স্যারের কাছ থেকে শিক্ষা নিয়েছিলাম, 'একটি আলোর কনা পেলে লক্ষ প্রদীপ জ্বলে, একটি মানুষ মানুষ হলে বিশ্ব জগত টলে। এই বিশ্বাস নিয়ে আজ ও এগিয়ে চলেছে।

তিনি উল্লেখ করেন, উপজেলা পরিষদ নির্বাচনে নারী ভাইস চেয়ারম্যান পদে বিগত ২০১৪ সালে ৩৮জন এবং ২০১৯ সালে ১১জন নারীনেত্রী নির্বাচিত হয়েছেন। উপজেলা পরিষদ নির্বাচনে তুলনামূলকভাবে সংখ্যা কমে আসছে কারন উল্লেখ করে বলেন, নেটওয়ার্কে'র জেলা ও উপজেলা পর্যায় নতুন নারীনেত্রী তৈরী হচ্ছেনা। আরো বলেন, আমাদের পূর্বের উজ্জীবক প্রশিক্ষণে ফিরে আসতে হবে। কারন আমাদের সংসার বড় হয়েছে। অনেক মানুষ হারিয়ে গিয়েছে, আমাদের স্থানীয়ভাবে আলোচনার সুযোগ করে দেয়া প্রয়োজন। নারীনেত্রীদের সাথে যেখানে কার্যক্রম চলমান সেখানে পরিবর্তন হয়েছে। এই আন্দোলনকে আরো বেগবান করতে নারীদের আরও এগিয়ে আসতে আহব্বান জানিয়ে তিনি তার বক্তব্য শেষ করেন।

দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ এর জনাব মোহাম্মদ আসলাম বলেন, সকল অঞ্চলের দেশের বিভিন্ন জেলা থেকে একদল নারীনেত্রী এখানে এসেছেন, আপনাদের অভিনন্দন ও ধন্যবাদ জানাই। এই একদল নারীনেত্রীদের পিছনে যে মানুষটির অশেষ অবদান রয়েছে তিনি হলেন ড. বদিউল আলম মজুমদার। সারাদেশ ব্যাপী নারীনেত্রীরা যে জাগরন সৃষ্টি করেছে, যে নেটওয়ার্ক তৈরী হয়েছে এটা সত্যিকার অর্থে কাজ করলে পরিবর্তন আসবে।

দি হাঙ্গার প্রজেক্ট, কান্ট্রি ডিরেক্টর ও গ্লোবাল ভাইস প্রেসিডেন্ট ড. বদিউল আলম মজুমদা বলেন, আপনারা হলেন প্রানশক্তি এবং দি হাঙ্গার প্রজেক্ট এর শ্রেষ্ঠ ভলান্টিয়ার। বিকশিত নারী নেটওয়ার্কের প্রায় ১০ হাজার নারীনেত্রী ও দি হাঙ্গার প্রজেক্ট এর অন্যান্য সকল ভলান্টিয়ার একত্রিত হয়ে কাজ করলে দেশের বিরাট পরিবর্তন ঘটবে। তৃণমূলে আপনারা যদি আরো সক্রিয় হন তাহলে আমরা আরো কাঙ্খিত লক্ষ্য অর্জন করতে পারবো। দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ বাড়াতে হবে এবং নিজেদেরকে আয়মূলক কাজে যুক্ত হতে হবে। তাছাড়া স্থানীয় পর্যায়ে সরকারী- বেসরকারী প্রতিষ্ঠানের সাথে যোগাযোগের মাধ্যমে সুযোগ সুবিধা গ্রহন করতে হবে।

তিনি বলেন, দি হাঙ্গর প্রজেক্ট এর কর্ম এলাকার সকল জেলা, উপজেলা, ইউনিয়ন পর্যায়ের সকল (নারীনেত্রী,উজ্জীবক,ইয়ুথ,এনজিসিএফ, পিপিজি, পার, সুজন) ভলান্টিয়াদের তালিকা করতে হবে। বিকশিত নারী নেটওয়ার্কের জেলা পর্যায়ের প্রতিনিধিবৃন্দের মধ্যে যোগাযোগ বৃদ্ধিসহ অন্যান্য অভিজ্ঞতাকে শেয়ার করার জন্য চিঠি পাঠানোর ঠিকানা, মোবাইল নম্বর, মেইল ঠিকানা এবং ফেইসবুক আইডি যাদের আছে আজকের স্বাক্ষরসীট আপডেট করে দেয়ার জন্য উপস্থিত সকলকে আহব্বান জানান। তাছাড়া বিকশিত নারী নেটওয়ার্কের ফেইসবুক পেইজে যুক্ত হতে বলেন। তিনি বলেন, নেটওয়ার্কটি শক্তিশালী করতে হলে সকল পর্যায় যোগাযোগ বাড়াতে হবে বিশেষ করে কেন্দ্রীয় কমিটির সাথে জেলা কমিটির যোগাযোগ আরো সুদৃঢ় করতে হবে।

❖ **কর্ম অধিবেশন:**

সাংগঠনিক প্রতিবেদন উপস্থাপন: জনাব নাছিমা আক্তার জলি সংগঠনের (২০১৭ জানুয়ারী-জুন ২০১৯) প্রতিবেদন উপস্থাপন করেন। সাংগঠনিক প্রতিবেদন উপস্থাপনের পর অংশগ্রহনকারীরা বলেন, প্রতিবেদনটিতে ধারাবাহিকভাবে কাজগুলো উঠে আসছে, তবে মাঠ পর্যায়ে তাদের অনেকগুলো কাজের অগ্রগতি রয়েছে যে গুলো ডকুমেন্টেশন করার জন্যে তাদেরকে আরও উদ্যোগী ভূমিকা নিতে হবে। এজন্য নারীনেত্রীরা বলেন, জেলা, উপজেলা পর্যায়ে নারীনেত্রীদের সাথে বছরে নূন্যতম ৩/৪ বার সমন্বয় সভা এর মধ্য দিয়ে নারীনেত্রীগন আরো সক্রিয় হবে। প্রতিবেদনে অংশগ্রহনকারীরা সকলে মতামত প্রদান করেন।

নাছিমা আক্তার জলি বলেন, গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার জেলা/উপজেলা পর্যায়ে নারী ও কিশোরীদের উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন প্রজেক্টের মাধ্যমে কাজ করছে। তিনি উল্লেখ করে বলেন, বাংলাদেশ সরকার She Power Project: এর মাধ্যমে জেলা পর্যায়ে ৯০০জন নারী ও কিশোরী এবং উপজেলা পর্যায়ে ৯০জন কে তিনটি ট্রেডে এই প্রশিক্ষণ প্রদান করবেন। এ ক্ষেত্রে নারীনেত্রীদের নিজনিজ জেলা উপজেলায় সরকারের সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করে অন্যান্য নারী ও কিশোরীদের সেবা প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করতে অনুরোধ করেন।

কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটি গঠন:

সাবজেক্ট কমিটি গঠন: বিকশিত নারী নেটওয়ার্কের কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটি গঠন ২০১৯-২০২১ সম্পন্ন করার জন্য উপস্থিত সকলের সম্মতিক্রমে অংশগ্রহনকারীদের মধ্যে থেকে ৫ সদস্য বিশিষ্ট একটি সাবজেক্ট কমিটি গঠনের সিদ্ধান্ত হয়। সাবজেক্ট কমিটির প্রধান হিসেবে জহুরা লিলি (নারীনেত্রী রাজশাহী অঞ্চল) এবং আরও ৪জন সদস্যের নাম সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। সদস্যগন হলেন;

১. দিলীপ কুমার সরকার-সুজন (সুশাসনের জন্য নাগরিক)
২. ফরিদা ইয়াসমিন (নারীনেত্রী চট্রগ্রাম অঞ্চল)
৩. লুৎফুন নাহার (নারীনেত্রী ময়মনসিংহ অঞ্চল)
৪. কাজী ফাতেমা বর্নালী (দি হাঙ্গার প্রজেক্ট-বাংলাদেশ)

কমিটি গঠন প্রক্রিয়া: সাবজেক্ট কমিটির প্রধান জহুরা লিলি উপস্থিত সকলের উদ্দ্যেশে বলেন, আপনাদের সহযোগিতায় অর্পিত দায়িত্ব সঠিক উপায়ে গনতান্ত্রিকভাবে যেন আমরা পালন করতে পারি। তিনি কার্যনির্বাহী **কমিটি গঠন বিষয়ে** যথাযথভাবে পরিচালনা করার জন্য কিছু দিক নির্দেশনায় প্রদান করেন। তা হলো:

১. ১১ সদস্য বিশিষ্ট কেন্দ্রীয় কার্যনিবাহী কমিটি গঠন করা হবে।
২. ১০টি অঞ্চলের প্রতিনিধিদের অঞ্চল ভিত্তিক বসে আলোচনা করে গনতান্ত্রিকভাবে কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটির মনোনিত ১জন প্রতিনিধি নির্বাচন করা।
৩. প্রতি অঞ্চল থেকে ১ জন করে ১০ অঞ্চলের ১০জন এবং বিকশিত নারী নেটওয়ার্কের সচিবালয় থেকে একজন ।
৪. পদাধিকার বলে নারীর ক্ষমতায়ন ইউনিটের প্রধান সম্পাদকের দায়িত্ব পালন করবেন।
৫. প্রতি অঞ্চলের মনোনীত ১জন করে ১০ অঞ্চলের ১০জন এবং সাবজেক্ট কমিটির প্রধানসহ ৫জন মোট ১৫জন ছোট সভায় গনতান্ত্রিক উপায়ে কার্যনিবাহী কমিটির পদ বন্টন করা।

৬. কার্যনিবার্হী কমিটির পদ বন্টনের ক্ষেত্রে প্রার্থীর নাম একজন প্রস্তাব করবেন এবং বাকীরা সমথর্ক করবেন।
৭. একই পদে একাধিক ব্যাক্তি প্রার্থী হলে প্রথম পর্যায়ে নিজেদের মধ্যে আলোচনা করে সমঝোতায় আসা না হলে সরাসরি বা গোপন ভোটে নির্বাচন করা।

কার্যনির্বাহী কমিটির পদ বন্টন: আলোচনার মধ্যদিয়ে যে ভাবে পদ বন্টিত হয়;

১. সভাপতি পদে প্রার্থীর নাম রাশিদা আক্তার শেলী, গেন্ডারিয়া- ঢাকা অঞ্চল, প্রস্তাব করেন মনোনীত ময়মনসিংহ অঞ্চলের শামিমা খান প্রস্তাব সমথর্ক করেন বাকী ৮ অঞ্চলের মনোনীত সদস্যগন।

২. সহ-সভাপতি পদে প্রার্থীর নাম শামিমা খান, জামালপুর-ময়মনসিংহ অঞ্চল প্রস্তাব করেন, মনোনীত রাজশাহী অঞ্চলের মোসা:রহিমা বেগম প্রস্তাব সমথর্ক করেন বাকী ৮ অঞ্চলের মনোনীত সদস্যগন।

৩. সহ-সম্পাদক পদে ২জন প্রার্থীর নাম প্রস্তাবিত হয়েছেন হাসিনা আক্তার, কুমিল্লা অঞ্চল এবং সৈয়দা আরমিনা, সিলেট অঞ্চল। সমঝোতায় সৈয়দা আরমিনা, সিলেট অঞ্চল প্রার্থীতা প্রতাহার করে নেন। মনোনীত হন হাসিনা আক্তার, কুমিল্লা অঞ্চল ।

৪. কোষাধ্যক্ষ পদে ২ জন প্রার্থীর নাম প্রস্তাবিত হয়েছেন. ফিরোজা বুলবুল কলি, যশোর- ঝিনাইদহ অঞ্চল ও মোসা:রহিমা বেগম, রাজশাহী অঞ্চল। আলোচনায় সমঝোতায় না আসলে গোপন ভোটের মাধ্যমে প্রতিদ্বন্দ্বিতায় বিজয়ী লাভ করেন, কোষাধ্যক্ষ পদে মোসা: রহিমা বেগম রাজশাহী অঞ্চল ।

৫. কার্যনির্বাহী কমিটির নির্বাহী সদস্য হিসেবে ৬টি অঞ্চলের ৬জন;
১. সৈয়দা আরমিনা, মৌলভীবাজার-সিলেট অঞ্চল
২. রেহেনা আফরোজ শোভা, খুলনা- খুলনা অঞ্চল
৩. ফিরোজা বুলবুল কলি, যশোর- ঝিনাইদহ অঞ্চল
৪. আনোয়ারা বেগম, বান্দরবন-চট্রগ্রাম অঞ্চল
৫. ডালিয়া নাসরিন, ঝালকাঠি-বরিশাল অঞ্চল
৬. নাজমা বেগম, গাইবান্ধা-রংপুর অঞ্চল

সভায় গৃহীত অংশগ্রহণকারীদের প্রস্তাব/ সুপারিশ-

১. উপজেলা, জেলা পর্যায় নারীনেত্রীর সংখ্যা বাড়ানো;
২. কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটি সভার আয়োজন ৩-৪ মাস অন্তর করা ;
৩. নারীনেত্রীদের প্রশিক্ষক প্রশিক্ষণ (টিও টি) করানো;
৪. উপস্থিত প্রত্যেক নারীনেত্রী নিজ নিজ এলাকায় নিজ দায়িত্বে স্থানীয় খরচে ১৫-৩০জন নারীদেরকে নিয়ে একটি ব্যাচে 'নারী নেতৃত্ব বিকাশ বিষয়ক ফাউন্ডেশন কোর্স' এর আয়োজন ২০২০ সালের জুনের মধ্যে করবেন। সেক্ষেত্রে প্রয়োজনে প্রয়োজনীয় লজিস্টিক সহযোগিকা দি হাঙ্গার প্রজেক্ট প্রদান করবেন।

সভায় নেটওর্য়াক সম্পর্কিত যে সকল প্রস্তাব করা হয়েছে তা তুলে ধরা হলো;

- দি হাঙ্গার প্রজেক্ট এর ১০টি অঞ্চলে অঞ্চল ভিত্তিক কমিটি গঠন করা;
- কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটির মেয়াদ ২ বছর পরিবর্তে ৩ বছর করা;
- কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটির সদস্য পরপর দুইবার / দুই মেয়াদ (একই ব্যক্তি) আসতে পারবেনা;
- পুরাতন কমিটি নেটওয়ার্কের ষষ্ঠ জাতীয় সম্মেলন পর্যন্ত দায়িত্ব পালন করবেন এবং অনুষ্ঠিত জাতীয় সম্মেলনে পুরাতন কমিটি নতুন কমিটির কাছে দায়িত্ব হস্তান্তর করবেন;
- বিকশিত নারী নেটওয়ার্কের কার্যক্রম পরিচালনার নীতিমালা সংশোধন আনতে হবে;
- বিকশিত নারী নেটওয়ার্ক কার্যক্রম পরিচালার নীতিমালা পুঃনরায় পর্যালোচনা করা;

সমাপনী- উপস্থিত অংশগ্রহনকারীদের মধ্যে ২/১জন অনুভূতি প্রকাশ করে বলেন বলেন- নব-গঠিত কমিটির সদস্যের নেতৃত্বে নতুন মাত্রায় বিকশিত নারী নেটওয়ার্ক এর কার্যক্রম আরও প্রসারিত হবে।

নব নির্বাচিত কমিটির সভাপতি হিসেবে নির্বাচিত হওয়ার পর নিজের অনুভূতি ব্যক্ত করে জনাব রাশিদা আক্তার উপস্থিত সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং বলেন, আপনাদের সকলের পরামর্শ ও সহযোগীতা একান্তভাবে কামনা করছি এবং সম্মেলিত প্রচেষ্ঠায় বিকশিত নারী নেটওয়ার্কে কার্যক্রম গতিশীল করার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করনে।

নব নির্বাচিত কমিটির সম্পাদক জনাব নাছিমা আক্তার জলি কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটির নতুন এবং পুরাতন সকল সদস্যদেরকে অভিনন্দন জানান। এবং যারা নির্বাচিত কমিটিতে সরাসরি আসেননি তাদের জন্য আগামীতে সে সুযোগ রয়েছে। আমি অনুরোধ করবো সবাইকে কাধেঁ কাধঁ মিলিয়ে কাজ করার জন্য তাহলেই পরিবর্তন ঘটবে। আমাদের যে চ্যালেঞ্জ রয়েছে তা নতুন কমিটির নেতৃত্বে পরিবর্তন করা হবে। তারপর তিনি পরবর্তী কর্মসূচী উল্ল্যেখ করেন, বিকশিত নারী নেটওর্য়াকের ষষ্ঠ জাতীয় সম্মেলন আগামী ৭ ডিসেম্বর ২০১৯ তারিখ নির্ধারন করা হয়েছে; সম্মেলনের পূর্বে প্রতিটি জেলায় নারীনেত্রীদের একসাথে বসে তালিকা তৈরী করে ঢাকা অফিসে পাঠাতে হবে। উপস্থিত সকলকে ধন্যবাদ জানান দিনের কর্মসূচি সুষ্ঠ ও সুন্দর ভাবে সম্পন্ন করার জন্য এবং বিশেষভাবে ধন্যবাদ জ্ঞাপন করেন সাবজেক্ট কমিটির প্রধান জহুরা লিলি ও সহযোগী দিলীপ কুমার সরকার, ফরিদা ইয়াসমিন, লুৎফুন নাহার, কাজী ফাতেমা বর্ননালী। আরো ধন্যবাদ জানান শাহীনা আক্তারকে তিনি বলেন, শাহীনা অনেক পরিশ্রম করেছে। তার নিরলস পরিশ্রম ও নিবেদিতভাবে কাজ করার ফলেই আজকের সভা সফল হয়েছে। আজকের সভা সফল হওয়ার পেছনে আপনারাই সে কৃতিত্বের দাবীদার।

সভাপতি জনাব রাশেদা আখ্তার নব নির্বাচিত কমিটিকে অভিনন্দন ও শুভেচ্ছা জানান। তিনি বলেন, নেতৃত্ব পরিবর্তন হলে নেটওয়ার্কের কাজের আরো বিস্তর ঘটে তাই আমরা সকলে কাধেঁ কাধঁ মিলিয়ে কাজ করব। উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করেন।

দি হাঙ্গার প্রজেক্ট এর বিকশিত নারী নেটওয়ার্ক কার্যক্রমের কেন্দ্রীয় সমন্বয়কারী শাহীনা আক্তার নব নির্বাচিত কমিটিকে অভিনন্দন ও শুভেচ্ছা জানান । উপস্থিত সকল জেলা উপজেলা থেকে যে সকল নারীনেত্রী উপস্থিত হয়েছেন তাদের পরিবার এবং নারীনেত্রীদের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। তিনি বলেন, আপনাদের উপস্থিতি ও স্বত;স্ফুর্ত অংশগ্রহণে সভাটিকে সফল ও কার্যকর করেছে। আশা ব্যক্ত করে বলেন, নেটওয়ার্কের সকল সদস্য একটি পরিবার এই পরিবারের কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়ন করতে সকলের সহযোগিতা একান্তকাম্য । পরিশেষে সকলের সুস্বাস্থ্য কামনা করেন।

দি হাঙ্গার প্রজেক্ট-এর কান্ট্রি ডিরেক্টর ও গ্লোবাল ভাইস প্রেসিডেন্ট ড. বদিউল আলম মজুমদার নব-নির্বাচিত কমিটিকে অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়ে বলেন, আপনারা সবাই খুবই গুরুত্বপূর্ণ, সবাই লিডার । আমি আপনাদের নিয়ে সম্মানিত বোধ করি। সবাই ভালো থাকবেন ভবিৎষতে আমরা আরো বড় কিছু করবেন। আমি বিশ্বাস করি, আপনাদের এই কাজের মাধ্যমেই তৃণমূলের আমাদের নারীদের অবস্থা ও অবস্থানের ইতিবাচক পরিবর্তন সাধিত হবে। আবার ও সভার উপস্থিত সকলকে ধন্যবাদ জানান।

❖ **নব-গঠিত বিকশিত নারী নেটওয়ার্কের কেন্দ্রীয় কার্যনিবার্হী কমিটি তালিকা;**

৬. সভাপতি-রাশিদা আক্তার শেলী, গেন্ডারিয়া- ঢাকা অঞ্চল
৭. সহ-সভাপতি-শামিমা খান, জামালপুর- ময়মনসিংহ অঞ্চল
৮. সম্পাদক- নাছিমা আক্তার জলি-সচিবালয় দি হাঙ্গার প্রজেক্ট
৯. সহ-সম্পাদক-হাসিনা আক্তার, চাদঁপুর- কুমিল্লা অঞ্চল
১০. কোষাধ্যক্ষ-মোসা:রহিমা বেগম, রাজশাহী, রাজশাহী অঞ্চল
১১. নিবার্হী সদস্য ৬জন: ১. সৈয়দা আরমিনা, মৌলভীবাজার-সিলেট অঞ্চল
২. রেহেনা আফরোজ শোভা, খুলনা- খুলনা অঞ্চল
৩. ফিরোজা বুলবুল কলি, যশোর- ঝিনাইদহ অঞ্চল
৪. আনোয়ারা বেগম, বান্দরবন-চট্রগ্রাম অঞ্চল
৫. ডালিয়া নাসরিন, ঝালকাঠি-বরিশাল অঞ্চল
৬. নাজমা বেগম, গাইবান্ধা-রংপুর অঞ্চল

সমবেত সংগীতের মধ্যদিয়ে বিকশিত নারী নেটওয়ার্কের কেন্দ্রীয় কার্যনিবাহী কমিটি গঠনের লক্ষ্যে জাতীয় কমিটি সভার সমাপ্তি ঘোষণা করা হয়।
প্রতিবেদন প্রস্তুত
কাজী ফাতেমা বর্নালী ও শাহীনা আক্তার
দি হাঙ্গার প্রজেক্ট, ২৪ অক্টোবর ২০১৯।